

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd  
ই-মেইল: office@ntrca.gov.bd



স্মারক নং: ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২০.৩৫৩

তারিখ: ০৪ এপ্রিল, ২০২১ খ্রি.

বিষয়: যাচাইকৃত সঠিক সনদ প্রাপ্তি প্রসঙ্গে।

সূত্র: শাসবউবি/২০২১/০২৪, তারিখ: ১৩/০৩/২০২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে তাকে জানানো যাচ্ছে যে, তিনি সূত্রে উল্লিখিত পত্রে জনাব মোঃ জাকির হোসেন কে সঠিক সনদ প্রদানের জন্য অনুরোধ করেন। উক্ত বিষয়ে এ কার্যালয়ের বক্তব্য নিম্নরূপ:

১. তার প্রতিষ্ঠান থেকে গত ০৬/১১/২০২০ খ্রি. তারিখ জনাব জাকির হোসেন, সহকারী শিক্ষক (ইংরেজি) এর শিক্ষক নিবন্ধন সনদ যাচাইয়ের জন্য এ কার্যালয়ে পত্র প্রেরণ করেন।
২. উক্ত পত্রের আলোকে নিবন্ধন সনদটি যাচাই করে এ কার্যালয়ের স্মারক নং ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২০.২৩১৯, তারিখ ২৪/১২/২০২০ খ্রি. যাচাই প্রতিবেদন প্রেরণ করা হয়। প্রতিবেদনে সনদটি জাল ও ভুয়া বলে মন্তব্য করা হয়।
৩. জনাব জাকির হোসেনের দাখিলকৃত সনদটিতে তৎকালীন এনটিআরসিএ'র সচিব এবং চেয়ারম্যানের স্বাক্ষর জাল করা হয়েছে।
৪. তার পত্রের সাথে সংযুক্ত প্রার্থীর আবেদনে সনদটি ঢাকা শিক্ষা বোর্ড থেকে ইস্যু করা হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে যা সঠিক নয়। কেননা ঢাকা শিক্ষা বোর্ড কে এনটিআরসিএ এর ২০০৬ সনে উত্তীর্ণ প্রার্থীদের সনদ বিতরণের দায়িত্ব দেয়া হয়েছিল। সনদ বিতরণ শেষে শিক্ষা বোর্ড বিতরণ রেজিস্টার ও অবিতরণকৃত সনদ এ কার্যালয় প্রেরণ করেন। উক্ত রেজিস্টার পর্যালোচনায় দেখা যায়, জনাব জাকির হোসেন, পিতা-মোঃ শহীদ উল্লাহ নামীয় ১১০২০৯০৬ রোল নম্বরধারীর সনদ আদৌ বিতরণ করা হয়নি। অবিতরণকৃত সনদের মধ্যে উক্ত সনদটি রয়েছে। এ থেকে প্রতীয়মান হয় যে, জনাব জাকির হোসেন আদৌ ঢাকা শিক্ষা বোর্ড থেকে সনদ গ্রহণ করেননি। এ থেকে স্পষ্টতঃ বোঝা যায় যে, তার দাখিলকৃত সনদটি জাল। তিনি অসত্য তথ্য উপস্থাপন করেছেন। এ ছাড়া জনাব জাকির হোসেন যে, উক্ত রোল নম্বরধারী প্রকৃত প্রার্থী তার কোন প্রমাণ নেই। কেননা তিনি শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রবেশপত্র দেখাতে পারেননি।
৫. উপর্যুক্ত তথ্যাদি বিশ্লেষণ করে দেখা যায়, জনাব জাকির হোসেন প্রকৃত নিবন্ধন প্রার্থী নন। তিনি যদি প্রকৃত প্রার্থী হতেন তবে তিনি ঢাকা শিক্ষা বোর্ড থেকে প্রকৃত সনদ গ্রহণ করতেন। কিন্তু তিনি তা না করে একটি জাল সনদ তৈরি করেন যা এনটিআরসিএ তে রক্ষিত ফলাফলের প্রাপ্ত নম্বরের সাথে গরমিল পরিলক্ষিত হয়েছে।

এমতাবস্থায়, যেহেতু জনাব জাকির হোসেন যে, ১১০২০৯০৬ নম্বর রোলধারী প্রকৃত প্রার্থী সে বিষয়ে কোন প্রমাণ দেখাতে পারেননি, সেহেতু তার নামে কোন সনদ ইস্যু করা সম্ভব নয় এবং জাল সনদের দায়ে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪.০৪.২০২১

(তাজুল ইসলাম)

সহকারী পরিচালক (পমূপ্র-৩)

এনটিআরসিএ, ঢাকা।

প্রাপক:

প্রধান শিক্ষক  
শাহরাস্তি সরকারি বহুমুখী উচ্চ বিদ্যালয়  
শাহরাস্তি, চাঁদপুর।

অনুলিপি:

১. সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ, ঢাকা (পত্রটি এনটিআরসিএ'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
২. জনাব জাকির হোসেন, সহকারী শিক্ষক (ইংরেজি), শাহরাস্তি সরকারি বহুমুখী উচ্চ বিদ্যালয়, শাহরাস্তি, চাঁদপুর।